

অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-৪ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৪০.১৯.০২২.১৪-৬৫০

তারিখ: ২৭ আশ্বিন, ১৪২২
১২ অক্টোবর, ২০১৫


বিষয়: নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় এর ২৮ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৪৫.১১.০৩৬.১৩-৬৬।

উপরিউক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদের নির্বাচনী এলাকা ১৩৩ টাঙ্গাইল-৪ আসনটি গত ০১ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখ শূন্য ঘোষণা করা হয়। আগামী ১০ নভেম্বর, ২০১৫ খ্রি. তারিখ উক্ত নির্বাচনী এলাকার ভোট গ্রহণের দিন ধার্য করা হয়েছে। উক্ত নির্বাচন উপলক্ষে মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর আওতায় নির্বাচনী এলাকার আইন-শৃঙ্খলা রক্ষা, অপরাধ প্রতিরোধ কার্যক্রম এবং নির্বাচনী আচরণবিধি লংঘন সংক্রান্ত মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত ০৩ (তিন) জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। উক্ত ম্যাজিস্ট্রেটগণের মধ্যে ০১(এক) জন প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ অর্থাৎ ২১ অক্টোবর, ২০১৫ খ্রি. তারিখ হতে ভোট গ্রহণের পরের দিন অর্থাৎ ১১ নভেম্বর, ২০১৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ২২(বাইশ) দিনের জন্য আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত মোবাইল টিমের সাথে দায়িত্ব পালন করবেন এবং অবশিষ্ট ০২(দুই) জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নির্বাচনী এলাকায় ভোটগ্রহণের পূর্বের দুই দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ০৮ নভেম্বর, ২০১৫ খ্রি. তারিখ হতে ১১ নভেম্বর, ২০১৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৪(চার) দিনের জন্য আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত মোবাইল টিমের সাথে দায়িত্ব পালন করবেন।

০২। এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী ০৩ (তিন) জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে।


(শাহানারা ইয়াসমিন লিলি)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪০৭৪

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট

টাঙ্গাইল।

অনুলিপি:

- ০১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, আইন-১)।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয়। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।